জুলাই-সেপ্টেম্বর ২০২২ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে এনডব্লিউপিজিসিএল-এর ত্রাণ বিতরণ কার্যক্রম

১৫ আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতি এনডব্লিউপিজিসিএল এর গভীর শ্রদ্ধা নিবেদন

এনডব্লিউপিজিসিএল এর তিনজন কর্মকর্তা-কর্মচারীকে 'শুদ্ধাচার পুরস্কার'

এনডব্লিউপিজিসিএল এবং পিজিসিএল এর মধ্যে গ্যাস বিক্রয় চুক্তি (সংশোধন) স্বাক্ষর

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

**উপদেষ্টামন্ডলী**

**মোঃ মাসুদুল ইসলাম**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**

**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**

**আখতার মাহমুদ**
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


# এনডব্লিউপিজিসিএল বার্তা


নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জুলাই-সেপ্টেম্বর ২০২২ সংখ্যা**


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। এছাড়া, পরিবেশ সংরক্ষণের নিমিত্ত নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের গুরুত্ব বিবেচনায় ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করে প্রায় ৯৪০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা সরকারের রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে ইউরোপে চলমান যুদ্ধ বর্তমান বিশ্ব অর্থনীতির জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানি সংকট বাংলাদেশকেও প্রভাবিত করেছে। তবে আশার সংবাদ হচ্ছে, জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ নিয়মিতভাবেই কোম্পানির কর্মকান্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য




প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল

প্রথমেই আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর শহীদ মুক্তিযোদ্ধাদের। যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তথা বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে বিদ্যুৎ খাতে অভাবনীয় উন্নয়ন সাধিত হয়েছে। এজন্য মাননীয় প্রধানমন্ত্রীকে জানাই অশেষ শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ১ম সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এছাড়া, এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পরিশেষে, 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি।

# সূচীপত্র


কোম্পানি - ৫

এক নজরে কোম্পানির কার্যক্রম - ৬

জাতীয় শোক দিবস ২০২২ উদযাপন - ৮

জাতীয় শোক দিবস উপলক্ষে ত্রাণ বিতরণ কার্যক্রম - ১৩

গ্যাস বিক্রয় চুক্তি (সংশোধন) স্বাক্ষর - ১৬

লিডারশীপ ডেভেলপমেন্ট প্রোগ্রামে এনডব্লিউপিজিসিএল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীর ১ম স্থান অধিকার - ১৭

২০২১-২২ অর্থ-বছরের ‘শুদ্ধাচার পুরস্কার’ প্রদান - ১৮

জাতীয় শুদ্ধাচার কৌশল, দুর্নীতি দমন, তথ্য অধিকার এবং সিটিজেন চার্টার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা - ১৯

জেন্ডার এওয়ারনেস ট্রেনিং - ২০

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ১৫ বছর পূর্তি উপলক্ষ্যে দোয়া মাহফিল - ২১

সিরাজগঞ্জের জেলা প্রশাসকের ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এলাকা পরিদর্শন - ২২

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র – ২৩

খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র - ২৬

এমপ্লয়ি কর্ণার

যে জলে আগুন জ্বলে... - ২৮

# কোম্পানি পরিচিতি




দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫৭৮ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৮৫৯ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | **সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬** |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | **সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭** |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | **এপ্রিল ২০১৯** |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেলঃ অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০** |
| ৯ | সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬ | **২৯ মার্চ ২০২১** |
| | | **বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩** | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: ফেব্রুয়ারী ২০২৩<br>২য় ইউনিট: আগস্ট ২০২৩ |
| ২. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১৩২০ | ৩য় ইউনিট: মে ২০২৪<br>৪র্থ ইউনিট: জুন ২০২৪ |
| ৩. | পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬০ | জুন, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | জুন, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৩ |
| ৬. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | এলএনজি | ১২০০ | ১ম ইউনিটঃ ডিসেম্বর, ২০২৪ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫৭৮** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২৭ |
| ২. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ৩য় ইউনিটঃ ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | বিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৪৫৯ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৮৫৯** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



# জাতীয় শোক দিবস ২০২২ উদযাপন




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে ১৫ আগস্ট ২০২২ তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নং সড়কের বঙ্গাবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গানে অবস্থিত জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলমসহ কোম্পানির অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শাহাদাতবার্ষিকী স্মরণে এনডব্লিউপিজিসিএল মাসব্যাপী নানান কার্যক্রম গ্রহণ করে। কোম্পানির আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রগুলোতে শোক দিবসে পুষ্পস্তবক অর্পণসহ দোয়া মাহফিল, এতিমদের মধ্যে খাদ্য বিতরণ, অসহায়-দুঃস্থ মানুষদের মধ্যে খাদ্য বিতরণ করা হয়। এছাড়া, মাসব্যাপী কোম্পানির কর্পোরেট অফিস ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে শোক দিবসের ব্যানার প্রদর্শিত হয় ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ কর্মস্থলে শোকের ব্যাজ পরিধান করে।

# কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় শোক দিবস ২০২২ উদযাপন

## সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র






পুষ্পস্তবক অর্পণ

শোক র‍্যালী






এতিমদের মধ্যে খাদ্য বিতরণ

# খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র




পুষ্পস্তবক অর্পণ



আলোচনা সভা



দোয়া মাহফিল




দুঃস্থ, অসহায় ও এতিমদের মধ্যে খাদ্য বিতরণ

# ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



পুষ্পস্তবক অর্পণ




আলোচনা সভা



দোয়া মাহফিল



দুঃস্থ, অসহায় ও এতিমদের মধ্যে খাদ্য বিতরণ

# মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র





পুষ্পস্তবক অর্পণ

আলোচনা সভা





দোয়া মাহফিল

দুঃস্থ, অসহায় ও এতিমদের মধ্যে খাদ্য বিতরণ

# জাতীয় শোক দিবস উপলক্ষে ত্রাণ বিতরণ কার্যক্রম

কালিহাতি, টাঙ্গাইল এর দুস্থ অসহায় মানুষের মাঝে ত্রাণ বিতরণ



কোম্পানির সম্মানিত পরিচালক জনাব আবু নাসের মহোদয় উক্ত ত্রাণ কার্যক্রমে উপস্থিত ছিলেন



## খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে ত্রাণ বিতরণ






# ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে ত্রাণ বিতরণ






# গ্যাস বিক্রয় চুক্তি (সংশোধন) স্বাক্ষর




২৭ জুলাই ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এবং পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (পিজিসিএল) এর মধ্যে সিরাজগঞ্জ ২২৫ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ডুয়েল ফুয়েল-প্রথম ইউনিট) এর জন্য গ্যাস বিক্রয় চুক্তি (সংশোধন) স্বাক্ষর অনুষ্ঠান বোর্ড রুম, এনডব্লিউপিজিসিএল, ঢাকায় অনুষ্ঠিত হয়।

# লিডারশীপ ডেভেলপমেন্ট প্রোগ্রামে এনডব্লিউপিজিসিএল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীর ১ম স্থান অধিকার




গত ১৭ আগস্ট ২০২২ তারিখে বিদ্যুৎ ভবনে আয়োজিত ‘লিডারশীপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম ফর পাওয়ার সেক্টর অর্গানাইজেশন (ব্যাচ-২৩)’ শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণে প্রথম স্থান অধিকার করা এনডব্লিউপিজিসিএল এর পিএন্ডডি বিভাগে কর্মরত মেধাবী কর্মকর্তা তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মুহাম্মদ সাইফুদ্দীন আহসান এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ। প্রকৌশলী মুহাম্মদ সাইফুদ্দীন আহসান মোট ১৩ (তের)টি প্রতিষ্ঠান হতে আগত ৪৬ (জন) কর্মকর্তার মধ্যে ৬ (ছয়) সপ্তাহের প্রশিক্ষণ কর্মশালায় ১ম স্থান অধিকার করায় এনডব্লিউপিজিসিএল পরিবার অত্যন্ত গর্বিত ও আনন্দিত।

# ২০২১-২২ অর্থ-বছরের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদান



আবদুল্লাহ্ আল মামুন, ব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-কে গ্রেড ২-৯ ক্যাটাগরিতে পুরস্কার গ্রহণ করছেন



জনাব মোঃ কামরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র -কে গ্রেড ১০-১৬ ক্যাটাগরিতে পুরস্কার গ্রহণ করছেন



জনাব মোহাম্মদ রাশেদ খান, ওয়ার্ক এ্যাসিসটেন্ট, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১)-কে গ্রেড ১৭-২০ ক্যাটাগরিতে পুরস্কার গ্রহণ করছেন

২০২১-২২ অর্থ-বছরে দাপ্তরিক দায়িত্ব সম্পাদনে সততা, কর্তব্যনিষ্ঠা ও দক্ষতার স্বীকৃতি স্বরূপ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর তিনজন কর্মকর্তা-কর্মচারীকে 'শুদ্ধাচার পুরস্কার' প্রদান করা হয়।

জনাব আবদুল্লাহ্ আল মামুন, ব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-কে গ্রেড ২-৯ ক্যাটাগরিতে; জনাব মোঃ কামরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র -কে গ্রেড ১০-১৬ ক্যাটাগরিতে; এবং জনাব মোহাম্মদ রাশেদ খান, ওয়ার্ক এ্যাসিসটেন্ট, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১)-কে গ্রেড ১৭-২০ ক্যাটাগরিতে "শুদ্ধাচার পুরস্কার" প্রদান করা হয়।

গত ৩১ জুলাই ২০২২ তারিখে 'শুদ্ধাচার পুরস্কার' বিজয়ীদের ক্রেস্ট, সনদ ও চেক প্রদান করা হয়।

# জাতীয় শুদ্ধাচার কৌশল, দুর্নীতি দমন, তথ্য অধিকার এবং সিটিজেন চার্টার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বোর্ড রুম, কর্পোরেট অফিস এ কর্মকর্তাগণের জন্য গত ৭ আগস্ট ২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল, দুর্নীতি দমন, তথ্য অধিকার এবং সিটিজেন চার্টার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মাদ মুনীর চৌধুরী রিসোর্স পারসন হিসেবে উল্লিখিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

# জেন্ডার এওয়ারনেস ট্রেনিং



১৭ আগস্ট ২০২২ তারিখে বোর্ড রুম, কর্পোরেট অফিস, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এ "Gender Awareness: National Women Development Policy & Other related topics" বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। ড. জুলিয়া আহমেদ, ইন্ডিপেন্ডেন্ট কনসালটেন্ট (জেন্ডার মেইনস্ট্রিমিং) উক্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন।

# নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ১৫ বছর পূর্তি উপলক্ষ্যে দোয়া মাহফিল






২৮ আগস্ট ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর ১৫ বছর পূর্তি উপলক্ষে কর্পোরেট অফিসে প্রতিষ্ঠানের নানান অর্জন ও ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনা হয় এবং কোম্পানির উত্তোরত্তর সমৃদ্ধির জন্য দোয়া করা হয়। এছাড়া, অনুষ্ঠানের শেষে প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ.এম. খোরশেদুল আলম কোম্পানির সুনাম ও সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার জন্য সকলকে দৃঢ় প্রত্যয়ী হওয়ার আহবান জানান।

# সিরাজগঞ্জের জেলা প্রশাসকের ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এলাকা পরিদর্শন







গত ২১ সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এসময় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লিঃ - এর নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী শফিকুল ইসলাম এবং সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌঃ মোঃ তানবীর রহমান উপস্থিত ছিলেন।

## সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

১। **<u>Boiler Feed Pump#2-এর Bearing ও cooling water-এর তাপমাত্রা বৃদ্ধি জনিত সমস্যার সমাধান করণঃ</u>**

Boiler Feed Pump-টি Dismantle **করতঃ** পুঙ্খানুপুঙ্খভাবে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনের আলোকে Pump-এর Mechanical seal এবং O-ring পরিবর্তন করে আলোচ্য সমস্যাটির সমাধান করা হয়।



চিত্র-১: Boiler Feed Pump#2 মেরামত করা হচ্ছে

২। **<u>Condenser cooling water outlet line Compensator-এর Non Destructivetest (NDT) সম্পন্ন করণঃ</u>**

গত ০৬/০৯/২০২২ ইং তারিখে স্টিম টারবাইনের Condenser-এর Compensator-এর Non Destructive test (NDT) সম্পন্ন করা হয়েছে।



চিত্র-২: <u>**Condenser cooling water outlet line Compensator-এর Non Destructive test (NDT)** করা হচ্ছে</u>

৩। **<u>HP Boiler feed pump#2-এর Auto Re-Circulation valve-এর leakage মেরামত করণঃ</u>**

HP Boiler feed pump-এর Auto Re-Circulation valve-টি dismantle করা হলে দেখা যায়, ভাল্ভের O-ring ক্ষতিগ্রস্ত হয়েছে, যার কারণে ভাল্ভটিতে water leakage জনিত ত্রুটি দেখা দেয়। পরবর্তিতে, ক্ষতিগ্রস্ত O-ring-টি একটি নতুন O-ring দ্বারা প্রতিস্থাপন করে ভাল্ভটির বর্নিত ত্রুটি মেরামত করা হয়।



চিত্র-৩: HP Boiler feed pump#2-এর Auto Re-Circulation valve মেরামত করা হচ্ছে

৪। HRSG Overhead Crane-এর Control Circuit এবং Limit switch মেরামত করা হয়েছে।



চিত্র-৪: HRSG Overhead Crane মেরামত করা হচ্ছে



Works on EH Oil Tank



Works on GBC



Works on Gland Seal line



Works on HSD Purifier

# যে জলে আগুন জ্বলে...

লেখক: মো. রিফাত মাহমুদ ও মো. জাহিদুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক, কেমিক্যাল বিভাগ, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-২)

' গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রামবাংলার সর্বক্ষেত্রে উন্নতি হইবে'
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (জুলাই, ১৯৭৫)

দিনটি ছিল একুশে মার্চ। পায়রা বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনী মঞ্চে দাঁড়িয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যমাত্রা অর্জনের ঘোষণা দেন। এর মধ্য দিয়ে জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গঠনের পথে আরও এক ধাপ এগিয়ে গেল বাংলাদেশ। এ সাফল্যের স্বীকৃতিস্বরূপ বিদ্যুৎ বিভাগ দেশের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার স্বাধীনতা পদক-২০২২ লাভ করে। বিদ্যুৎ কর্মী হিসেবে এ অর্জনে আমরা সকলেই আজ গর্বিত।

তবে, নতুন বিশ্ব ব্যবস্থায় পরাশক্তি রাষ্ট্রসমূহের অন্তর্দ্বন্দ্ব, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ পরিস্থিতি ও শক্তি কূটনীতির (Energy Diplomacy) বাস্তবতায় জ্বালানি নিরাপত্তা ইস্যুতে মাননীয় প্রধানমন্ত্রী গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং দেশবাসীকে ধৈর্য ধারণ করতে বলেছেন। ঊর্ধ্বমুখী ডলারের বিনিময় মূল্য, জ্বালানি সামগ্রীর মূল্যবৃদ্ধি, রেমিট্যান্স স্বল্পতা- সব কিছু মিলিয়ে বৈশ্বিক পরিস্থিতির উত্তাপ অনুভূত হচ্ছে আমাদের দেশেও। পরিস্থিতি মোকাবেলায় যুক্তরাজ্য, জার্মানি সহ ইউরোপের দেশগুলো Energy Rationing এর উদ্যোগ নিয়েছে। আমাদের দেশে এলাকাভিত্তিক রুটিনমাফিক লোডশেডিং, দাপ্তরিক সময়সূচির পরিবর্তন, বিদ্যুৎ সাশ্রয়ে অফিস-বাসা-বাড়িতে বৈদ্যুতিক সরঞ্জাম ও এয়ার কন্ডিশনারের ব্যবহার সীমিতকরণ, ডিজেলভিত্তিক ক্ষুদ্র বিদ্যুৎকেন্দ্র সমূহের ব্যবহার সীমিত রেখে বৃহৎ বেজ লোড বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার সিদ্ধান্তসহ সার্বিক কৃচ্ছ্র সাধন নীতি (Austerity Measures Policy) গ্রহণ করা হয়েছে।

সারণি ১- দু'টি অর্থবছরে বিদ্যুৎ উৎপাদন ও জ্বালানি নির্ভরতার তুলনামূলক চিত্র (বার্ষিক প্রতিবেদন FY 2020-21, বিদ্যুৎ বিভাগ)

| | মোট উৎপাদন | জ্বালানি নির্ভরতা (শতাংশ, %) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মিলিয়ন ইউনিট | গ্যাস | তরল জ্বালানি | কয়লা | জল বিদ্যুৎ | আমদানি | নবায়নযোগ্য |
| ২০১৯-২০ | ৭১, ৪১৯ | ৭১.৮০ | ১৩.৪০ | ৪.২০ | ১.২০ | ৯.৩০ | ০.১০ |
| ২০২০-২১ | ৮০, ৪২৩ | ৬০.১৯ | ২২.৫১ | ৬.২১ | ০.৮১ | ১০.০৮ | ০.২০ |


পরিবর্তিত পরিস্থিতিতে বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার বিষয়ে নতুন নতুন চ্যালেঞ্জের মোকাবেলা করতে হচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায়, সিরাজগঞ্জ পাওয়ার স্টেশনে নওপাজেকোর নিজস্ব তিনটি ও যৌথ উদ্যোগের একটি সহ মোট চারটি বিদ্যুৎ কেন্দ্র একই সাথে চালু রাখতে হচ্ছে যেটি পূর্বে দেখা যায়নি। জ্বালানি তেলের যোগান, consumables এর যোগান, মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ, ফিল্টার-লুব ওয়েল-যন্ত্রাংশের পরিবর্তন, নক্স ওয়াটারের যোগানসহ আনুষঙ্গিক বিষয়াদি নিশ্চিত করা বেশ কষ্টসাধ্য এক কর্মযজ্ঞ। এছাড়াও, শিপমেন্ট বিভ্রাটের দরুণ ক্রয়কৃত আমদানিসাপেক্ষ যন্ত্রাংশ, ফিল্টার, কেমিক্যাল সামগ্রী প্রাপ্তিতে অনাহূত উৎপাত অনুভূত হচ্ছে।


সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-২) ও ইউনিট-৩ দীর্ঘদিন টানা অপারেশনে রয়েছে উপরন্তু ইউনিট-২ তেলের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের কারণে নক্স ওয়াটার হিসেবে প্রতি ঘন্টায় ৪৬-৪৭ টন/ঘন্টা ডিএম এবং বয়লারের মেকাপ হিসেবে ১৯-২০ টন/ঘন্টাসহ মোট ৬৫ টন/ঘন্টা ডিএম ওয়াটার সরবরাহ করতে হয়েছে। ফলে এই বিপুল পরিমান ডিএম ওয়াটার সরবরাহ করতে গিয়ে ২৪ ঘন্টায় ডিএম প্ল্যান্ট পরিচালনা করতে হয়েছে; যার ফলশ্রুতিতে ডিএম প্ল্যান্ট-এর রানিং টাইম প্রায় ৫ গুন

বৃদ্ধি পেয়েছে যা কমিশনিং-এর পর সবোচ্চ অথ্যাৎ ইউনিট-২ তেলে চলার কারণে বিগত ৫ মাসের ডিএম প্ল্যান্টের রানিং টাইম অন্য বছরের সাথে তুলনা করলে প্রায় ২৫ মাসের সমান। কমিশনিং-এর পর মেমব্রেন ফিল্টার পরিবর্তন করা হয় নি এবং একটানা ডিএম প্ল্যান্ট চালু রাখার কারণে মেমব্রেন ফিল্টারের কার্যক্ষমতা যথেষ্ঠ পরিমানে হ্রাস পায় ফলে যে পরিমান ডিএম পানি উৎপাদন করা হচ্ছিল তা নক্স ওয়াটারসহ দুই ইউনিট অপারেশনে রাখার জন্য অপ্রতুল ছিল। ডিএম প্ল্যান্টের মেমব্রেন ফিল্টার পরিবর্তন করা একটি সময়সাপেক্ষ্য কাজ উপরন্তু বিদ্যুৎ সংকটের এই মহূর্তে উৎপাদন বন্ধ রেখে মেমব্রেন ফিল্টার পরিবর্তন করা সমীচীন ছিল না বিধায় অতিরিক্ত জনবল নিয়োজিত করে রাত্রী ১০ ঘটিকার পর থেকে টানা সকাল পর্যন্ত পরপর দুই রাত্রী কাজ করে মেমব্রেন ফিল্টার পরিবর্তন করা হয়েছে। যার ফলে সংকটের মহূর্তেও বিদ্যুৎ উৎপাদন বন্ধ না করে ডিএম প্ল্যান্টের মেমেব্রেন ফিল্টার পরিবর্তনের মাধ্যমে ডিএম উৎপাদন স্বাভাবিক করা সম্ভব হয়েছে। নিচে যার কিছু সচিত্র প্রতিবেদন তুলে ধরা হলোঃ



**Dismantle work of RO Membrane Filter**





Pressure Vessel after RO Membrane dismantle

কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে সমন্বিত স্টিম চক্রটির জন্যই কম্বাইন্ড সাইকেল পদ্ধতিটি এত লোভনীয় ও লাভজনক। স্টিম চক্রটির প্রধান নিয়ামক ডিএম পানি যা কেমিক্যাল বিভাগ কর্তৃক সরবরাহ করা হয়। বিদ্যুৎ কেন্দ্রে পানি ও কেমিক্যাল ব্যবস্থাপনার বিষয়টি মোটেও হেলাফেলা করার মত নয়; যা নক্স ওয়াটারের চাহিদার প্রেক্ষিতে পর্যাপ্ত ডিএম পানি সরবরাহ করতে না পারার কারণ হিসেবে ডিএম প্ল্যান্টের কার্যক্ষমতা কমে যাওয়ার মধ্যদিয়ে গভীরভাবে অনুভূত হয়েছে। কাজে পানি ও কেমিক্যাল ব্যবস্থাপনার ক্ষেত্রে সকলের সহায়তা ও ঐকান্তিক প্রচেষ্টা অপরিহার্য।